JAN. 2[illegible] 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ..৭.. কলাম ..৭......

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তহীনতায় বাউবির এসএসসি উত্তীর্ণ ৫ হাজার ছাত্রছাত্রীর এইচএসসিতে অংশগ্রহণ অনিশ্চিত

গৌরাঙ্গ নন্দী, *খুলনা অফিস*

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তহীনতার কারণে বাউবির (বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়) অধীনে এসএসসি উত্তীর্ণ প্রায় পাঁচ হাজার ছাত্রছাত্রীর চলতি বছরের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। উদ্বেগ-উৎকণ্ঠায় তারা দিন কাটাচ্ছে। এরা সকলেই ১৯৯৮ সালে বাউবির আওতায় এসএসসি পাস করে। এ সব ছাত্রছাত্রী আসন্ন এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে কিনা সে সম্পর্কে মন্ত্রণালয়ের দিকনির্দেশনা না পাওয়ায় বিষয়টি ঝুলে আছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বাউবির অধীনে এসএসসি পাস করা এসব ছাত্রছাত্রী সাধারণ কলেজে ভর্তি হয়। এরা যথারীতি দু' বছর পড়াশোনাও করে। কোথাও কোথাও বর্ষ শেষের পরীক্ষায়ও শিক্ষার্থীরা অংশ নেয়। কিন্তু এক পর্যায়ে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নেয় যে, এসব শিক্ষার্থী সাধারণ কলেজসমূহে পড়াশোনা করতে পারবে না। তাদের বাউবির অধীনেই এইচএসসি পরীক্ষায় অংশ নিতে হবে। আশ্চর্যের বিষয় হচ্ছে, বাউবির অধীনস্থ টিউটোরিয়াল কেন্দ্রগুলোতে এদের ভর্তি সংক্রান্ত কোন নির্দেশনা না পৌছায় কেন্দ্রগুলো তাদের ভর্তি করেনি। ফলে এসব ছাত্রছাত্রী নিরুপায় হয়ে হতাশায় পড়েছে। তাদের মূল্যবান শিক্ষাজীবনের একটি বছর নষ্ট হতে চলেছে। এদিকে আসন্ন এইচএসসি পরীক্ষার ফরম পূরণ চলছে।

এ সম্পর্কে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মঞ্জুর-ই-খোদা জনকণ্ঠকে বলেন, এ সব ছাত্রছাত্রী যাতে আসন্ন এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারে সে অনুমতি দেবার জন্য মন্ত্রণালয়ের কাছে বিশ্ববিদ্যালয় থেকে প্রস্তাব পাঠানো হয়েছে। তিনি বলেন, ভুক্তভোগী এ সব পরীক্ষার্থীর দাবি যৌক্তিক। ওদের দাবি গ্রহণযোগ্য না হলে বাউবির অস্তিত্ব নিয়েই প্রশ্ন উঠবে। রেজিস্ট্রার বলেন, তাঁরা আশা করছেন যে, বাউবির অনুরোধে সাড়া দিয়ে এবং ঐ সব শিক্ষার্থীর শিক্ষাজীবনের কথা বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয় দ্রুত সিদ্ধান্ত প্রদান করবে।